# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

## : নোটিশ :

স্মারক নং-০১/কনি-৩য় খন্ড-৪র্থ/২৩৮ তারিখ : ২৮ জানুয়ারী ২০২৫খ্রি.

বিষয়: **২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের বিভাগ ও বিষয় পরিবর্তন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের বিভাগ ও বিষয় পরিবর্তন অনলাইনের মাধ্যমে আগামী ০২/০২/২০২৫খ্রি. তারিখ হতে ২৫/০২/২০২৫খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজের অনুমোদিত বিভাগ ও বিষয় আসন সংখ্যা ফাঁকা থাকা সাপেক্ষে পরিবর্তন করা যাবে। বিভাগ **পরিবর্তন ফি ৫০০/- এবং বিষয় পরিবর্তন ফি ২৫০/- টাকা** । বিভাগ ও বিষয় পরিবর্তন কার্যক্রম সম্পন্ন করার জন্য **www.rajshahiboard.gov.bd** অথবা **www.rajshahieducationboard.gov.bd-এ "ভর্তি বাতিল/বিভাগ পরিবর্তন/বিষয় পরিবর্তন"** লিংকে প্রদত্ত নির্দেশিকা অনুসরণ পূর্বক অনলাইনে তথ্য প্রদান (Submit) ও সোনালী সেবার স্লিপ ডাউনলোড করে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফিস জমা দিতে হবে।

**বিঃদ্রঃ অনলাইন আবেদনের হার্ডকপি, নম্বরপত্রের ফটোকপি ও সোনালী সেবার মাধ্যমে জমাদানকৃত ব্যাংকের টাকার রশিদ কলেজ নিবন্ধন শাখায় জমা দিতে হবে।**

সংযুক্তি

১। বিভাগ ও বিষয় পরিবর্তনের নির্দেশিকা

**চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে**

২৮/১/২০২৫

**প্রফেসর মোঃ মাহবুব হাসান-০৯৫২২**

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

রাজশাহী

প্রাপক

অধ্যক্ষ

উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান,অত্র শিক্ষা বোর্ড

স্মারক নং-০১/কনি-৩য় খন্ড-৪র্থ/(০২)/২৩৮ তারিখ : ২৮ জানুয়ারী ২০২৫খ্রি.

অনুলিপি অবগতির ও প্রয়োজনীয় কার্যার্থে জন্য প্রেরিত হ'ল ঃ

১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (চঃ দাঃ), শিক্ষা বোর্ড রাজশাহী।

২। অফিস কপি।

**কলেজ পরিদর্শক**

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

রাজশাহী

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd


স্মারক নম্বর-রাশিবো/৮/কনি-১/২৩৯ তারিখ : ২৮ জানুয়ারী ২০২৫খ্রিঃ

**বিষয়: ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বাদপড়া শিক্ষার্থীদের অনলাইনের মাধ্যমে রেজিস্ট্রেশন করণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে যে সকল শিক্ষার্থী অনলাইন পদ্ধতিতে আবেদন করে ভর্তি হবার সুযোগ পেয়েছে কিন্তু কলেজ নিশ্চয়ন/নিবন্ধন কার্যক্রম সম্পূর্ণ করতে পারেনি, সে সকল শিক্ষার্থীদের আসন সংখ্যা ফাঁকা থাকা সাপেক্ষে অনলাইনের মাধ্যমে নিবন্ধন করার জন্য আগামী ০২/০২/২০২৫খ্রি. তারিখ হতে ২৫/০২/২০২৫খ্রি. তারিখ পর্যন্ত **www.rajshahiboard.gov.bd** অথবা **www.rajshahieducationboard.gov.bd-এ** লিংকে বাদপড়া শিক্ষার্থীদের ভর্তি/রেজিস্টেশন কার্যক্রম সম্পন্ন করা যাবে। নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত শিক্ষার্থীদের নিবন্ধন প্রদত্ত নির্দেশিকা অনুসরণ পূর্বক অনলাইনে তথ্য প্রদান (Submit) ও সোনালী সেবার স্লিপ ডাউনলোড করে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফিস জমা দিতে হবে। শিক্ষার্থীদের জন প্রতি নিবন্ধন ফি বাবদ ৪৫০/- (চার শত পঞ্চাশ) টাকা প্রদান করে একটি আবেদনপত্র, নম্বরপত্র, হার্ডকপি ও সোনালী সেবার মাধ্যমে জমাদানকৃত ব্যাংকের টাকার রশিদ কলেজ নিবন্ধন শাখায় জমা দিতে হবে।

**বিঃদ্রঃ কারিগরী শিক্ষা বোর্ডের অধীনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে আছে এমন শিক্ষার্থীদের জন্য এটি প্রযোজ্য নয়। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজ বর্ণিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৮/১/২৫

**প্রফেসর মো. মাহবুব হাসান-০৯৫২২**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন : ০২৫৮৮৮৫৫৯৬৩

প্রাপক
অধ্যক্ষ
উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নম্বর-রাশিবো/৮/কনি-১/২৩৯(২) তারিখ : ২৮ জানুয়ারী ২০২৫খ্রিঃ

অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ

৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট (চঃ দাঃ),শিক্ষা বোর্ড, রাজশাহী।
৪. অফিস নথি

**কলেজ পরিদর্শক**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী